

AP-1
30/10/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০০৩.২৭.০৫.০৫০.২০১৪/২২১

তারিখঃ ২৫ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের ১ম শ্রেণির সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচী ও নির্দেশাবলী।

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের ১ম শ্রেণির সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পদের (১১.০২.২০১৫ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি নং ৪২) নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্ন বর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষার স্থান : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ০৯.১১.২০১৭ খ্রিঃ, বৃহস্পতিবার, দুপুর ১:৩০, মিনিট থেকে বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

১. উল্লিখিত পদে আবেদনপত্র গ্রহণের সময় প্রার্থীদের হাতে হাতে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। সাময়িকভাবে যোগ্য কোন প্রার্থীর কোন কারণে প্রবেশপত্র হারিয়ে গেলে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরী করে এর কপি, পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি সহ আগামী ৫ ও ৬ নভেম্বর, ২০১৭, তারিখে কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা হতে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা এর মধ্যে ইউনিট-৫ থেকে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। বাতিল ও যোগ্য প্রার্থীদের তালিকা কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে। বাতিলকৃত প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে না আসার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না। কোন প্রার্থীর আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

২. উক্ত লিখিত পরীক্ষা লিখোকোড সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে। উত্তরপত্রে লিখোকোড ফরম পূরণ ও পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী সংবলিত বিজ্ঞপ্তি কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এর জন্য ভিন্ন ভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

৩. পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। বইপুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন ইলেকট্রনিক যন্ত্রপাতি সাথে আনা যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।

৫. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা করা হয়েছে। প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সঙ্গে প্রার্থীর চেহারা এবং হাজিরা তালিকার স্বাক্ষরের মিল না থাকলে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হবে।

৬. পরীক্ষায় নকল বা কোন ধরণের অসদুপায় অবলম্বন বা অসদাচরণের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হবে। নকল বা অন্য কোন অসদুপায় অবলম্বন বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।

- ❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- ❖ চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৩০.১১.২০১৭

[শেখ শাখাওয়াৎ হোসেন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
যুগ্ম-সচিব